

বিষয়: বাংলাদেশ বিষয়াবলি

বিষয় কোড: ০০৫

পূর্ণমান: ২০০

নির্ধারিত সময়: ২ ঘণ্টা

[**দ্রষ্টব্য: প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।**]

- ১। (ক) বাংলাদেশের ভৌগোলিক অবস্থান ও এর সুবিধাবলি বর্ণনা করুন। ৩+৭=১০
- (খ) জলবায়ু পরিবর্তনের ফলে বাংলাদেশের উপর যে সকল বিরূপ প্রভাব পড়ার সম্ভাবনা রয়েছে তাদের বিবরণ দিন। ১০
- ২। (ক) নরগোষ্ঠী (Race) ও জাতি (Nation) এর মধ্যে পার্থক্য সমূহ লিখুন। ৬
- (খ) বাঙ্গালী একটি শংকর জাতি- ব্যাখ্যা করুন। ৮
- (গ) পার্বত্য চট্টগ্রামের চাকমাদের সামাজিক ও সাংস্কৃতিক জীবনের বর্ণনা দিন। ৬
- ৩। (ক) দারিদ্র বিমোচন বলতে কি বুঝায়? ৫
- (খ) দারিদ্র বিমোচনে বাংলাদেশ সরকার যে সকল পদক্ষেপ গ্রহণ করেছে তা সংক্ষেপে বর্ণনা করুন। ১৫
- ৪। (ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে বর্ণিত রাষ্ট্র পরিচালনার মূলনীতি সমূহের বিবরণ দিন। ১৫
- (খ) অ্যাটর্নি-জেনারেল এর নিয়োগ প্রক্রিয়া ও তার দায়িত্বাবলি সংক্ষেপে বর্ণনা করুন। ৫
- ৫। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান অনুযায়ী রাষ্ট্র পরিচালনায় আইনসভা, নির্বাহী বিভাগ ও বিচার বিভাগের ভূমিকা বর্ণনা করুন। - ২০
- ৬। (ক) বাংলাদেশের পররাষ্ট্রনীতি প্রণয়নের নিয়ামকসমূহ আলোচনা করুন। ১০
- (খ) বর্তমান ভূ-রাজনীতির প্রেক্ষাপটে ভারত, বাংলাদেশ ও চীনের মধ্যে যে ধরনের সম্পর্ক বজায় রাখা সম্ভবপর বলে আপনি মনে করেন, সে ধরনের সম্পর্কের চিত্র তুলে ধরুন। ১০
- ৭। বাংলাদেশে রাজনৈতিক দলসমূহের মধ্যে জোট গঠন নতুন কোন ঘটনা নয়-আলোচনা করুন। ২০
- ৮। (ক) গণতান্ত্রিক প্রক্রিয়ার প্রসারে নির্বাচন কমিশনের ভূমিকা আলোচনা করুন। ১০
- (খ) দুর্নীতি দূরীকরণের ক্ষেত্রে নির্বাচনী ব্যয় হ্রাসকরণ একটি মহৌষধ মতামত দিন। ১০
- ৯। (ক) দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সরকার কোন কোন ক্ষেত্রে ডিজিটালাইজেশন প্রক্রিয়া জনগণের দোর গোড়ায় পৌঁছাতে সচেষ্ট? বিবরণ দিন। ১০
- (খ) জনমত গঠনে সুশীল সমাজের ভূমিকা উল্লেখ করুন। ১০
- ১০। **টীকা লিখুন (যে কোন চারটি):** ৫×৪ = ২০
- (ক) বাংলাদেশের রপ্তানি বাণিজ্য ও বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)
- (খ) বাংলাদেশে IMF এর কার্যক্রম
- (গ) ১৯৭০ সালের পাকিস্তানের সাধারণ নির্বাচন
- (ঘ) মুজিবনগর সরকারদ
- (ঙ) বাংলাদেশের খনিজ সম্পদ এবং
- (চ) নারীর ক্ষমতায়নে বাংলাদেশের অবস্থান